# এলিভেটেড হাইওয়ের কাজ পিছিয়ে

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ৯ জুন :** পুজোর আগে নয়, বরং '২৬-এর ভোটের মুখে চালু হতে পারে বালাসন থেকে সেবক সেনাছাউনি পর্যন্ত এলিভেটেড হাইওয়ের। চলতি বছরের সেপ্টেম্বরে প্রকল্পটির কাজ শেষ করার সময়সীমা নির্ধারিত থাকলেও, এখনও প্রচুর কাজ বাকি থাকায় আগামী বছরের এপ্রিলের আগে তা শেষ হচ্ছে না বলে জানা গিয়েছে। এশিয়ান হাইওয়ের কর্তারা জানিয়েছেন, আরও ছয় মাস অতিরিক্ত সময় নেওয়া হয়েছে। আগামী বছরের মার্চ-এপ্রিল মাসের মধ্যেই ১২ কিলোমিটার এলিভেটেড হাইওয়ের নির্মাণকাজ শেষ হবে। এই প্রকল্পের নকশাতেও কিছুটা রদবদল হয়েছে বলে নির্মাণকারী সংস্থা জানিয়েছে। এশিয়ান হাইওয়ের এক শীর্ষস্থানীয় আধিকারিক বলছেন, 'দ্রুতগতিতে নির্মাণকাজ চলছে। তবে বর্ষা শুরু হয়ে গিয়েছে। তাই কাজে কিছুটা বাড়তি সময় প্রয়োজন হচ্ছে।'

২০২২ সালের ১৭ নভেম্বর শিলিগুড়িতে এসে মাটিগাড়ার বালাসন সেতু থেকে খাপরাইল মোড়, দার্জিলিং মোড়, চেকপোস্ট, শালুগাড়া হয়ে সেবক সেনাছাউনি পর্যন্ত ১২ কিলোমিটার এলিভেটেড হাইওয়ে (করিডর) নির্মাণকাজের শিলান্যাস করেছিলেন সড়ক পরিবহণমন্ত্রী নীতিন গড়করি। প্রায় ৯৯৫ কোটি টাকায় এই প্রকল্পের কাজ আড়াই বছরের মধ্যে শেষ হওয়ার কথা ছিল। ১০ নম্বর জাতীয় সড়ক হলেও এই রাস্তাটির নির্মাণকাজের পুরো দায়িত্ব এশিয়ান হাইওয়ে (২) কর্তৃপক্ষকে দেওয়া হয়েছে। ২০২৩ সালের মার্চ মাসে এই প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে। নির্ধারিত সময় মেনে চলতি বছরের সেপ্টেম্বর মাসের মধ্যে কাজ শেষ হওয়ার কথা। ইতিমধ্যেই মাটিগাড়ায় বালাসন নদীর ওপরে দ্বিতীয় সেতু তৈরি থেকে পঞ্চনই সেতু, চম্পাসারিতে মহানন্দা নদীর ওপরে দ্বিতীয় সেতু তৈরির কাজ প্রায় শেষ হয়েছে। পাশাপাশি, রাস্তা তৈরির কাজও দ্রুততার সঙ্গে চলছে। শালুগাড়ায় ফ্লাইওভার নির্মাণের কাজও অনেকটাই এগিয়েছে।

### নকশা বদল চম্পাসারিতে

- আগামী বছরের এপ্রিলের আগে এলিভেটেড করিডরের কাজ শেষ হচ্ছে না
- মাটিগাড়ায় ফ্লাইওভার নির্মাণে ব্যবসায়ীদের আন্দোলনে থমকে ছিল কাজ
- চম্পাসারি হয়ে চেকপোস্ট মোড় পর্যন্ত রাস্তা নির্মাণে বদল ঘটেছে নকশায়
- কৃতিত্ব দাবিতে ভোটের আগে কাজ শেষের জন্য চাপ সৃষ্টি করতে পারে বিজেপি



ইতিমধ্যেই ফ্লাইওভারের কংক্রিটের পিলার তুলে তার ওপরে গার্ডার বসানোর কাজ চলছে। দিনরাত এক করে কাজ হলেও সেপ্টেম্বর মাসের মধ্যে কাজ শেষ করা সম্ভব নয় বলে জানাচ্ছে এশিয়ান হাইওয়ে কর্তৃপক্ষ। কিন্তু কেন? আধিকারিকদের বক্তব্য, মাটিগাড়ায় ফ্লাইওভার নির্মাণ নিয়ে ব্যবসায়ীদের আন্দোলনের জেরে বেশ কয়েকমাস কাজ থমকে ছিল। পরবর্তীতে নকশায় কিছুটা রদবদল করে সেখানে একাধিক আন্ডারপাস নির্মাণের সিদ্ধান্ত হয়। তার পরেই পুনরায় সেখানে কাজ শুরু হয়েছে। একইভাবে দার্জিলিং মোড় থেকে চেকপোস্ট মোড়ের দিকে যাওয়া এলিভেটেড ফ্লাইওভারের নকশাতেও বদল এসেছে। আগে দার্জিলিং মোড় থেকে চম্পাসারি হয়ে চেকপোস্ট মোড় পর্যন্ত পুরোটাই ব্লক ফ্লাইওভারের প্রস্তাব ছিল। পরবর্তীতে নকশা বদল করে দার্জিলিং মোড় থেকে চম্পাসারি মোড় পর্যন্ত ফ্লাইওভারের নীচে পুরোটাই ফাঁকা রাখার সিদ্ধান্ত হয়েছে। এই সমস্ত বিভিন্ন সমস্যার জন্য কাজ শেষ করতে দেরি হচ্ছে।

'২৬-এ রাজ্যে বিধানসভা নির্বাচন রয়েছে। এপ্রিল, মে মাসে ভোট হলে ফেব্রুয়ারির শেষ সপ্তাহ অথবা মার্চের প্রথমে ভোটের নির্ঘণ্ট ঘোষণা হতে পারে। ফলে ভোটের আগে এলিভেটেড করিডরের নির্মাণকাজ শেষ হওয়ার সম্ভাবনা কম। তবে, কেন্দ্রীয় প্রকল্প হওয়ায় বিধানসভা ভোটের আগে কৃতিত্ব দাবি করতে আগেভাগে কাজ শেষ করার জন্য বিজেপি চাপ সৃষ্টি করে কি না, সেটাই দেখার।

## বিজেপি বিরোধী মিছিল

**শিলিগুড়ি, ৯ জুন :** ধর্মের নামে রাজ্যে বিভাজন সৃষ্টি করছে বিজেপি ও আরএসএস। এমনই অভিযোগ তুলে প্রতিবাদে জনমত গড়ে তুলতে আন্দোলনের রাস্তায় নামল সিপিএমের দার্জিলিং জেলা কমিটি।

সোমবার দলের তরফে বাঘা যতীন পার্কের সামনে থেকে একটি প্রতিবাদ মিছিল করা হয়।

মিছিলের নেতৃত্বে ছিলেন দলের দার্জিলিং জেলা সম্পাদক সমন পাঠক।

তিনি বলেন, 'ধর্মের নামে বিষাক্ত রাজনীতি করছে বিজেপি। তার প্রতিবাদ, সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তি রক্ষার পক্ষে এই মিছিল।' মিছিলটি বাঘা যতীন পার্কের সামনে থেকে শুরু হয়ে সেবক মোড়, বিধান মার্কেট হয়ে হাসমি চকে শেষ হয়।



শান্তি ও সম্প্রীতি রক্ষায় মিছিল সিপিএমের। সোমবার।

## রাস্তায় গাড়ি পার্কিংয়ে সমস্যা

**শিলিগুড়ি, ৯ জুন :** পাড়ার রাস্তা হলেও প্রত্যেকদিনই দাঁড়িয়ে থাকে ট্রাক। ফলে পথ চলতে সাধারণ মানুষকে প্রত্যেকদিনই সমস্যায় পড়তে হচ্ছে।

সমস্যায় পড়ছেন পুরনিগমের সাফাইকর্মীরাও। প্রতিবাদ করায় শিলিগুড়ির ৩১ নম্বর ওয়ার্ডের নৌকাঘাট এলাকায় পুরকর্মীর সঙ্গে ওই ট্রাকের মালিক দুর্ব্যবহার করেন বলে অভিযোগ। সম্প্রতি ওই ঘটনার পর রাস্তার ওপর যাতে কেউ যানবাহন পার্ক করে না রাখেন, তার জন্য ওয়ার্ড কমিটির তরফে মাইকিং করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

৩১ নম্বর ওয়ার্ড কাউন্সিলার মৌমিতা মণ্ডল বলেন, 'ওয়ার্ডের বিভিন্ন রাস্তার ওপর যানবাহন পার্ক করে রাখা হচ্ছে। বিশেষ করে রাতের দিকে সমস্যা হচ্ছে। যানবাহন যাতে গ্যারাজে রাখা হয়, সেই আবেদনে মাইকিং করে জানানো হবে।'

যদিও শুধু শক্তিগড়ে নয়, শহরের বিভিন্ন পাড়াতেই এই সমস্যা রয়েছে। অভিযোগ, গ্যারাজ থাকা সত্ত্বেও তা দোকান হিসেবে ভাড়া দেওয়া হয়েছে। গাড়ি রাখা হচ্ছে রাস্তার ধারে। তবে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ করা হবে বলে জানান ডেপুটি মেয়র রঞ্জন সরকার।

# সুলভ শৌচালয় নেই চোপড়ায়

**মনজুর আলম**

**চোপড়া, ৯ জুন :** কোথাও সুলভ শৌচালয় তৈরির ছয় বছর পরেও তা চালু হয়নি। কোথাও আবার দেখভালের অভাবে বছরের পর বছর শৌচালয়ের দরজায় তালা ঝুলছে। পঞ্চায়েত ও প্রশাসনের চরম উদাসীনতায় সদর চোপড়ায় দীর্ঘদিন ধরে সুলভ শৌচালয়ের সমস্যায় ভুগছেন সাধারণ মানুষ।

সদর চোপড়ায় ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে প্রতিদিন প্রায় কয়েক হাজার মানুষের যাতায়াত। এই মুহূর্তে এলাকায় একটিও সুলভ শৌচালয় না থাকায় সাধারণ মানুষকে সমস্যায় পড়তে হচ্ছে। সব থেকে বেশি সমস্যার সম্মুখীন হতে হয় মহিলাদের। ।

বাসস্টপ এলাকার বাসিন্দা কার্তিক প্রামাণিক বলছেন, 'এলাকায় সুলভ শৌচালয় না থাকায় কখনো-কখনো মহিলা যাত্রীদের বাড়ির শৌচালয় ব্যবহার করতে দিতে হয়।'

সদর চোপড়া এলাকায় মিশন নির্মল বাংলা প্রকল্পের বরাদ্দ অর্থে একটি কমিউনিটি স্যানিটারি কমপ্লেক্স তৈরি করা হয়েছিল প্রায় ছয় বছর আগে। এতদিনেও তা চালু করা সম্ভব হয়নি। চোপড়া বিদ্রোহী মোড় এলাকায় একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের শাখা রয়েছে। লোকজনের আনাগোনা লেগেই থাকে। এসব ভেবেই সেখানে একটি শৌচালয় তৈরির উদ্যোগ নেওয়া হয়েছিল। কিন্তু সাফাইকর্মীর সমস্যার কারণে চালুই করা যায়নি।

সাধারণ মানুষের সমস্যার কথা ভেবে কয়েক বছর আগে বিডিও অফিস চত্বরে একটি সুলভ শৌচালয় তৈরি করা হয়। সেটিও দীর্ঘদিন বন্ধ রয়েছে। পাশে নতুন করে আরেকটি শৌচালয় তৈরি করা হলেও সেটি এখনও চালু হয়নি। চোপড়া পাবলিক হলের পাশে জাতীয় সড়কের ধারে পরিবহণ দপ্তরের বরাদ্দ টাকায় একটি সুলভ শৌচালয়যুক্ত যাত্রী প্রতীক্ষালয় তৈরি করা হয়েছিল। সেটির উদ্বোধনের পর চার বছর কেটে গেলেও এখনও চালু করা যায়নি। চোপড়া পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ফজলুল হক বলেন, 'সাফাইকর্মীর সমস্যায় পাবলিক হলের পাশের শৌচালয়যুক্ত যাত্রী প্রতীক্ষালয়টি চালু করা যায়নি। বিডিও অফিস চত্বরে শৌচালয়ের কাজ শেষ। শীঘ্রই চালুর উদ্যোগ নেওয়া হবে।'

## নাবালক শ্রমিকের মৃত্যু

**খড়িবাড়ি, ৯ জুন :** বালিবোঝাই ট্র্যাক্টরের চাকায় পিষ্ট হয়ে পানিট্যাঙ্কি মেচি নদীর অন্তরাম ছাট ঘাটে মৃত্যু হল এক নাবালক শ্রমিকের। নাবালক শ্রমিকদের কম মজুরি দিয়ে কাজ করানোর অভিযোগে সোচ্চার হয়েছেন এলাকাবাসী। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন সকাল ১০টা নাগাদ মেচি নদীতে ট্র্যাক্টর নিয়ে বালিবোঝাই করতে এসেছিল একদল শ্রমিক। বালিবোঝাই করে ট্র্যাক্টর নিয়ে যাওয়ার সময় ট্র্যাক্টর থেকে পড়ে যায় কৃষ্ণা কারুয়া (১৭)। ট্র্যাক্টরের চাকাতে পিষ্ট হয়ে ঘটনাস্থলে মারা যায় পানিট্যাঙ্কি গৌরসিংজোতের বাসিন্দা ওই নাবালক। এরপরই ঘটনাস্থলে ভিড় করেন এলাকার বাসিন্দারা।

পৌঁছায় খড়িবাড়ি থানার পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ ও এসএসবি জওয়ানরা। পরে পুলিশ মৃতদেহটি উদ্ধার করে থানায় নিয়ে যায়। পুলিশ জানিয়েছে, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে ময়নাতদন্তের পর মৃতদেহটি পরিবারের হাতে তুলে দেওয়া হবে। খড়িবাড়ি থানার ওসি অভিজিৎ বিশ্বাস বলেন, 'পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। মৃতের বয়স যাচাই করে দেখা হচ্ছে। ট্র্যাক্টর মালিকের বিরুদ্ধে প্রয়োজনে পৃথক ধারায় মামলা করা হবে।' দুর্ঘটনাগ্রস্ত ট্র্যাক্টরটি বাজেয়াপ্ত করা হয়েছে। চালক পলাতক।



রামকেলিতে আসর সাধু-সন্ন্যাসীদের। সোমবার। -সংবাদচিত্র

## দুষ্কর্মের প্রতিবাদ

**জলপাইগুড়ি, ৯ জুন :** জলপাইগুড়ি শহর সংলগ্ন বজরাপাড়ায় অসামাজিক কাজকর্মের অভিযোগে রবিবার রাতে কোতোয়ালি থানায় স্মারকলিপি দিয়েছিলেন স্থানীয় বাসিন্দারা। এলাকার একটি নির্মীয়মাণ বাড়িতে এক মহিলা সহ কয়েকজন বহিরাগত রাতে আসে বলে তাঁদের অভিযোগ। এতে সন্দেহ হওয়ায় তাঁরা বাড়িটির সামনে জড়ো হয়ে বিক্ষোভ দেখালে বহিরাগতরা এলাকা ছেড়ে পালায়। শুধু মহিলাকে আটকে বাসিন্দারা পুলিশকে খবর দেন। পুলিশ মহিলাকে থানায় নিয়ে যায়। অভিযোগ কেউ দায়ের না করায় পুলিশ তাকে ছেড়ে দিয়েছে। মহিলার দাবি, 'স্থানীয় একটি নার্সিংহোমে কাজ পাইয়ে দেওয়ার নাম করে আমার পরিচিত একজন ওই বাড়িতে আমাকে ডেকে নিয়ে যায়।' এলাকার বাসিন্দা জগন্নাথ বসাক বলেন, 'দিনের পর দিন অসামাজিক কাজকর্মের আড্ডা বসে। আমরা এর প্রতিকার চাই।'

# মাদক খাইয়ে 'ধর্ষণ'

**ভাস্কর শর্মা**

**ফালাকাটা, ৯ জুন :** পরিচয় সোশ্যাল মিডিয়ায়। মাস কয়েকের সম্পর্কের পর ভরসা করে বন্ধুর সঙ্গে ঘুরতে গিয়ে বিপাকে পড়লেন ফালাকাটা শহরের এক তরুণী। তাঁকে লাটাগুড়ির একটি রিসর্টে নিয়ে গিয়ে মাদক খাইয়ে ধর্ষণ করার অভিযোগ উঠল এক তরুণের বিরুদ্ধে। অভিযুক্ত তরুণের বাড়িও ফালাকাটা শহরেই। তবে সোমবার বিকেল অবধি তাকে গ্রেপ্তার করা যায়নি।

রবিবার রাতে শহরের তরুণী ফালাকাটা থানায় সেই তরুণের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন। সোমবার বিষয়টি জানাজানি হওয়ার পরেই শহরজুড়ে গুঞ্জন শুরু হয়েছে। ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য বলেন, 'এক তরুণের বিরুদ্ধে ধর্ষণ করার অভিযোগ জমা পড়েছে। আমরা অভিযোগ পেয়েই তদন্তে নামি। অভিযুক্ত ব্যক্তি বর্তমানে পলাতক।'


ফালাকাটা থানা সূত্রে জানা গিয়েছে, তরুণ-তরুণী দুজনের বাড়িই ফালাকাটা শহরে হলেও তাঁদের পরিচয় খুব বেশিদিনের নয়। সেই তরুণ বর্তমানে ভিনরাজ্যে পড়াশোনা করে। মাস দেড়েক আগে সেই দুজনের পরিচয় হয় ইনস্টাগ্রামে। আস্তে আস্তে দুজনের মধ্যে ঘনিষ্ঠতা বাড়ে। এই সময়ের মধ্যে সেই দুজন দু'তিনবার দেখাসাক্ষাৎও করেন। পরিচয় জমে ওঠার পর সেই তরুণ, মেয়েটিকে একসঙ্গে ঘুরতে যাওয়ার প্রস্তাব দেয়। সেইমতো দিন তিনেক আগে তাঁরা একসঙ্গে বের হন। লাটাগুড়ির একটি রিসর্টে যান। সেখানে তাঁরা নিজের নিজের নথিপত্র নিয়েই ঘর বুক করেন। সেই তরুণীর অভিযোগ, তাঁরা একসঙ্গে খাওয়াদাওয়া করেন। সেই খাবারের সঙ্গে তরুণ মাদক মিশিয়ে দেয়। তরুণী তা ঘুণাক্ষরেও সন্দেহ করতে পারেননি। খাওয়ার পরেই অচৈতন্য হয়ে পড়েন তিনি। সেই সুযোগে তরুণীকে ওই তরুণ ধর্ষণ করে বলে অভিযোগ। ঘটনার পরেও তরুণীর জ্ঞান ফেরেনি। এদিকে, ছেলেটি তাঁকে নিয়ে ফালাকাটার উদ্দেশে রওনা দেয়। অর্ধচেতন অবস্থায় তরুণীকে তাঁর বাড়ির সামনে ফেলে চলে যায় ওই তরুণ। জ্ঞান ফিরলে নিগৃহীতা কান্নাকাটি শুরু করেন। পরিবারের লোকজনকে সব জানান। পরে পরিবারের লোকজন থানায় অভিযোগ করার সিদ্ধান্ত নেন।

মেয়েটির পরিবার নাকি ছেলেটির সঙ্গে তাঁর সম্পর্কের কথা জানত। তাঁদের মধ্যে নাকি প্রেমের সম্পর্ক গড়ে উঠেছিল। বিষয়টি দুই পরিবারের লোকজনও আঁচ করতে পেরেছিলেন। সেই সম্পর্কের সুবাদেই ঘুরতে যাওয়া। তরুণী হঠাৎ ধর্ষণের অভিযোগ আনায় এখন দুই পরিবারই হতবাক।

## প্রশিক্ষণ শিবির

**রাজগঞ্জ, ৯ জুন :** প্রযুক্তির সাহায্যে কীভাবে বিভিন্ন শস্যের ফলন ও মাছের চাষ বৃদ্ধি করা যায় তা নিয়ে সোমবার রাজগঞ্জের ভোলাপাড়ায় একটি কৃষি প্রশিক্ষণ শিবির হল। উপস্থিত ছিলেন রামশাই কৃষিবিজ্ঞান কেন্দ্রের কোঅর্ডিনেটর বিপ্লব দাস, জলপাইগুড়ির কৃষিবিজ্ঞান কেন্দ্রের বিষ্ণুচন্দ্র পাল, সুখানি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান ইসরাইল হক প্রমুখ। স্থানীয় কৃষক মন্টু বিশ্বাস বলেন, 'আমি কৃষি দপ্তর থেকে কিছু যন্ত্রপাতি বিনামূল্যে পেয়েছি। ভুট্টা এবং গম চাষের নতুন পদ্ধতি শিখলাম।'





নিরাপদ আশ্রয়।। ত্রিমোহিনীতে ছবিটি তুলেছেন চন্দ্রাণী ঘোষ।

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

## পণ দেওয়ার পরেও দুই পরিবারের মধ্যে টানাপোড়েন

# তরুণীকে খুন, গ্রেপ্তার হবু বর

**মনজুর আলম**

**চোপড়া, ৯ জুন :** মধুচন্দ্রিমায় মেঘালয়ে বেড়াতে গিয়ে রহস্যমৃত্যু হয়েছে মধ্যপ্রদেশের ইন্দোরের তরুণ রাজা রঘুবংশীর। তাঁকে সুপারি কিলার দিয়ে খুনের অভিযোগ উঠেছে স্ত্রী সোনম রঘুবংশীর বিরুদ্ধে। অবশেষে উত্তরপ্রদেশের গাজিপুর থানায় আত্মসমর্পণ করেছে ওই তরুণী। সংবাদমাধ্যমের দৌলতে এখবর এতক্ষণে প্রায় সকলের কাছে পৌঁছে গিয়েছে। এখবর নিয়ে যখন দিনভর তোলপাড় সোশ্যাল মিডিয়া, ঠিক সেই সময় খানিকটা একইরকম ঘটনা ঘটল উত্তর দিনাজপুরের চোপড়ায়।

সেখানে বিয়ের ১০ দিন আগে তরুণীকে খুনের অভিযোগ উঠেছে হবু বরের বিরুদ্ধে। রবিবার রাতে চোপড়ার চুটিয়াখোর গ্রাম পঞ্চায়েতের বালিয়াডাঙ্গির একটি চা বাগান থেকে ওই তরুণীর দেহ উদ্ধার করে পুলিশ। মৃতের নাম নার্গিস পারভিন (২০)। মূল অভিযুক্ত সুলতানকে রাতেই গ্রেপ্তার করা হয়।

এদিকে, ঘটনার প্রতিবাদে ও বাকি অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে সোমবার লক্ষ্মীপুর এলাকায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান মৃতার আত্মীয়দের পাশাপাশি স্থানীয় বাসিন্দারাও। অভিযুক্তের দিদির বাড়িতে হামলার অভিযোগ ওঠে। পরে পুলিশের আশ্বাসে বিক্ষোভ থামে। ইসলামপুর পুলিশ জেলার সুপার জবি থমাস বলেন, 'খুনের মামলা হয়েছে। মূল অভিযুক্ত সহ দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।'

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, চুটিয়াখোরের কাঁঠালবাড়ির জুগিভিটা গ্রামের তরুণ সুলতানের সঙ্গে লক্ষ্মীপুরের যাত্রাগছের বাসিন্দা নার্গিসের প্রেমের সম্পর্ক ছিল। উভয় পরিবারের সম্মতিতে তাঁদের বিয়ে ঠিক হয়। চলতি মাসের ১৯ তারিখ বিয়ের দিন ধার্য হয়েছিল।

মৃতের পরিবার সূত্রে জানা গিয়েছে, বরপক্ষ পণ হিসেবে ১০ লক্ষ টাকা দাবি করেছিল। শেষপর্যন্ত তা ৭ লক্ষ ঠিক হয়। ইতিমধ্যে ৩ লক্ষ টাকা বরপক্ষকে দিয়েছে তরুণীর পরিবার। বিয়ের তোড়জোড় চলছিল। এরই মধ্যে নার্গিসের মাধ্যমে তাঁর বাবা-মা জানতে পারেন, পাত্রপক্ষ কোনও কারণে বিয়েতে আপত্তি জানিয়েছে। এনিয়ে দুই পরিবারের মধ্যে চাপানউতোর চলছিল।

মৃতের বাবা বুধু মহম্মদ বলেন, 'সব ঠিক হয়ে যাওয়ার পর ওরা আমার মেয়ের সঙ্গে সুলতানের বিয়ে দেবে না বলে জানায়। এসবের মধ্যেই রবিবার ভোরে হঠাৎ মেয়ে নিখোঁজ হয়ে যায়। রাতে মেয়ের দেহ উদ্ধারের কথা জানতে পারি।' এই ঘটনায় হবু বর, তার বাবা, দাদা ও দিদির বিরুদ্ধে নার্গিসকে খুনের অভিযোগে উঠেছে।

মূল অভিযুক্ত সুলতান রাতেই পুলিশের কাছে আত্মসমর্পণ করলে তাকে গ্রেপ্তার করে পুলিশ। সোমবার তার জামাইবাবু মজিবর রহমানকে গ্রেপ্তার করা হয়েছে। এদিন ইসলামপুর মহকুমা হাসপাতালে ময়নাতদন্তের পর দেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, জেরায় সুলতান খুনের কথা কবুল করেছে। হবু স্ত্রীর গলায় দড়ি পেঁচিয়ে শ্বাসরোধ করে খুন করেছে সে। এই ঘটনায় আর কে জড়িত, খুনের আসল কারণ কী, সে সব খতিয়ে দেখছে পুলিশ।

অন্যদিকে, সুলতানকে এদিন ইসলামপুর আদালতে তোলা হয়। আদালত তার ৮ দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছে। মজিবর রহমানকে মঙ্গলবার আদালতে তোলা হবে।



অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে বিক্ষোভ। সোমবার লক্ষ্মীপুরে। (ইনসেটে) ধৃত হবু বর। - সংবাদচিত্র

### নেপথ্য কাহিনী

- বরপক্ষ পণ হিসেবে ১০ লক্ষ টাকা দাবি করেছিল
- শেষপর্যন্ত তা ৭ লক্ষ ঠিক হয়, ইতিমধ্যে ৩ লক্ষ টাকা বরপক্ষকে দেওয়া হয়েছে
- নার্গিসের মাধ্যমে তাঁর বাবা-মা জানতে পারেন, পাত্রপক্ষ কোনও কারণে বিয়েতে আপত্তি জানিয়েছে
- এনিয়ে দুই পরিবারের মধ্যে চাপানউতোর চলছিল
- রবিবার হঠাৎ নিখোঁজ হয় তরুণী, রাতে দেহ উদ্ধার

# বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাসে ধৃত

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ৯ জুন :** বাড়িতে কাজ করতে আসা ড্রাইভারের সঙ্গে প্রেম করে বিপত্তি। বাড়িতে কথা বলার নাম করে ওই তরুণ উধাও হয়ে যায়। বেশকিছু দিন অপেক্ষার পরেও সেই তরুণ ফিরে না আসায় বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাসের কথা জানিয়ে এক তরুণী অভিযোগ দায়ের করেন। প্রায় দুই মাস ধরে উধাও হয়ে থাকার পর পুলিশ সোমবার সকালে ফাঁপড়ি এলাকা থেকে অভিযুক্ত তরুণকে গ্রেপ্তার করে। পীযূষ বর্মন নামে ওই তরুণ দিনহাটার বাসিন্দা।

ওই তরুণ গত বছর ফাঁপড়ি এলাকার একটি বাড়িতে ড্রাইভার হিসেবে কাজ শুরু করে। এই কাজের সূত্রে তার সঙ্গে ওই বাড়ির এক তরুণীর ভালোবাসার সম্পর্ক তৈরি হয়। এরপর কাউকে কিছু না বলে ওই দুজন বাড়ি থেকে পালিয়ে যায়। পালিয়ে বিভিন্ন জায়গায় থাকার সময় বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ওই তরুণ তরুণীর সঙ্গে সহবাসও করে। কিন্তু এরপরই বিপত্তি ঘটে। বাড়িতে থাকা জরুরি কাগজপত্র নিতে তরুণের সঙ্গে ওই তরুণী বাড়িতে ফিরে আসেন। কিন্তু গোটা বিষয়টি জানার পর ওই তরুণীর জন্য বাড়ির দরজা বন্ধ হয়ে যায়।

সমস্যার এখানেই শেষ নয়। ওই তরুণীর অভিযোগ, 'পীযূষ এরপর আমায় কিছুদিনের জন্য অন্য জায়গায় ভাড়াবাড়িতে থাকতে বলে। দিনহাটায় গিয়ে বাড়িতে কথা বলে আমায় নিয়ে যাবে বলে আশ্বাস দেয়।' যদিও ওই তরুণ পরে আর যোগাযোগ না করায় প্রতারণার শিকার হয়েছে বলে ওই তরুণী বুঝতে পারেন। এরপর মার্চ মাসে ভক্তিনগর থানায় অভিযোগ দায়ের হয়। ওই তরুণ রাজস্থানে চলে গিয়েছে বলে পুলিশ জানতে পারে। সেখানে কাজ করার পাশাপাশি সে বিয়েও করেছে বলে তদন্তে জানা যায়।

এরপর তরুণের খোঁজে একাধিকবার রাজস্থান গেলেও পুলিশকে খালি হাতেই ফিরতে হয়। ওই তরুণ শিলিগুড়ি এসে ফাঁপড়ি এলাকায় ঘোরাঘুরি করছে বলে সোমবার সকালে পুলিশের কাছে খবর আসে। পুলিশ সেখান থেকেই ওই তরুণকে গ্রেপ্তার করে। ধৃতকে সোমবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে বিচারক তাকে বিচার বিভাগীয় হেপাজতে পাঠান।



কাজের শেষে বাড়ি ফেরা।। তিস্তাস্পারে মানসী দেব সরকারের ক্যামেরায়। সোমবার।

## শিলিগুড়ি জংশন এলাকায় গ্রেপ্তার দুই

# টিকিট কাউন্টার উদ্বোধনে হুজ্জতি

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ৯ জুন :** বেসরকারি বাসের টিকিট কাউন্টার উদ্বোধনে হুজ্জতির অভিযোগ উঠল এক নেতার বিরুদ্ধে। রবিবার ঘটনাটি ঘটেছে জংশন এলাকায়। অভিযুক্ত নেতা বিজেন্দ্র কাপুর ওরফে মাসুম ও তাঁর ভাই সুরেন্দ্র কাপুরকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার ধৃতদের শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। বিজেন্দ্র নিজেকে তৃণমূল নেতা হিসেবে দাবি করলেও ঘাসফুল শিবিরের দাবি, তাঁর সঙ্গে দলের যোগ নেই।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এলাকায় নানা সময় দুষ্কৃতী কার্যকলাপে মাসুমের নাম জড়িয়েছে। গত পুর নির্বাচনে তৃণমূলের তরফে সঞ্জয় পাঠককে প্রার্থী করা হলে তৃণমূলের সঙ্গে দূরত্ব বাড়ে তাঁর। পরবর্তীতে তিনি নির্দল প্রার্থী হয়ে ভোটে দাঁড়ান। নির্বাচনে হেরে যাওয়ার পর সরাসরি দলের সঙ্গে যুক্ত না হলেও তৃণমূল নেতাদের সঙ্গে ফের তাঁর ঘনিষ্ঠতা বাড়ে।

যাবতীয় ঘটনা ঘটে রবিবার দুপুরের দিকে। প্রদীপ সরকার নামে এক ব্যক্তি বাসের টিকিট কাউন্টার খুলতে গেলে মাসুম তাঁর দলবল নিয়ে এলাকায় হাজির হন বলে অভিযোগ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, প্রদীপ মাসুমকে ব্যবসার অংশীদার না করে অন্য একজনকে করেছেন। সেই কারণেই এই কাণ্ড ঘটিয়েছেন নেতা ও তাঁর দলবল। মাসুমরা এসে প্রদীপের সঙ্গে ধস্তাধস্তি শুরু করেন। প্রদীপের স্ত্রী স্নেহা সরকার বলেন, 'আমার স্বামীকে প্রাণে মারার চেষ্টা করলে আমি পুলিশে খবর দিই।' পরিস্থিতি সামাল দিতে প্রধাননগর থানার পুলিশ এলাকায় আসে। যদিও পুলিশ আসার পরও মাসুমদের বাগে আনতে রীতিমতো হিমসিম খেতে হয়। পুলিশকর্মীদের সঙ্গেও ধস্তাধস্তি হয় নেতা ও তাঁর দলবলের। এক এএসআই পদমর্যাদার আধিকারিককে ওই নেতা হেনস্তা করেন বলে অভিযোগ। এমনকি ধাক্কাধাক্কির জেরে এএসআই মাটিতে পড়ে যান, জখমও হন। পরে পুলিশের আরেকটি দল গিয়ে নেতা ও তাঁর ভাইকে গ্রেপ্তার করে। এদিন ধৃতদের আদালতে তোলা হয়।

অন্যদিকে, বিজেন্দ্র এলাকায় তৃণমূল নেতা হিসেবে পরিচিত হলেও দল তা অস্বীকার করেছে। পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকারের দাবি, 'মাসুমের সঙ্গে আমাদের দলের কোনও যোগ নেই। পুলিশ প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।' প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার জানান, প্রদীপের স্ত্রী লিখিত অভিযোগ করেছেন। এছাড়া এক পুলিশ আধিকারিককে হেনস্তা করেছেন বিজেন্দ্র। সেকারণে পুলিশের তরফেও মামলা হয়েছে। তদন্ত চলছে।



হুজ্জতির ঘটনায় ধৃত মাসুম। সোমবার। - সংবাদচিত্র

## বান্ধবীর সঙ্গে ফোনে কথা বলার 'অপরাধ'

# নাবালককে ক্লাবে ঢুকিয়ে মার

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ৯ জুন :** বান্ধবীর সঙ্গে ফোনে কথা বলেছিল এক নাবালক। আর সেই 'অপরাধে' বান্ধবীর পরিবারের লোকেরা মিলে ক্লাবে ঢুকিয়ে বেধড়ক মারধর করল তাকে। এমনই অভিযোগ উঠেছে শিলিগুড়ির ৩৪ নম্বর ওয়ার্ডে। ঘটনায় এনজেপি থানা এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। মারধরের পর শিলিগুড়ি জেলা হাসপাতালে ছেলেটির চিকিৎসা হয়েছে। এখনও তার চলাফেরায় সমস্যা রয়েছে। তবে সে এখনও আতঙ্ক কাটিয়ে উঠতে পারছে না। এমনকি বাড়ি থেকে বের হতেও ভয় পাচ্ছে। এনিয়ে চিন্তায় ছেলেটির পরিবারের লোকেরা। এ বিষয়ে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের মনোরোগ বিশেষজ্ঞ ডাঃ উত্তম মজুমদার বলেন, 'সময়টা বয়ঃসন্ধিকাল। তাই মারধর করলে নাবালকের মানসিক সমস্যা তৈরি হতে পারে। কারও সঙ্গে কথা বলা বা প্রেমের সম্পর্কে যেতেও ভয় তৈরি হবে। এক্ষেত্রে বসে বুঝিয়ে বলা ভালো।'

বছর ১৬-র ওই নাবালক ৩৪ নম্বর ওয়ার্ডের সূর্য সেন কলোনির মোড় বাজারের বাসিন্দা। পরিবারের আর্থিক অনটনের কারণে সে পড়াশোনা মাঝপথে ছেড়ে দিয়ে মাস কয়েক ধরে কাজে যোগ দিয়েছে। আর কাজের সুবিধার জন্য নাবালককে মোবাইল ফোন কিনে দিয়েছেন এক ব্যক্তি। তা দিয়ে নাবালক কিছুদিন থেকে তার এক বান্ধবীর সঙ্গে কথা বলছিল। অভিযোগ, এই 'অপরাধে' গত ৪ জুন রাতে বান্ধবীর পরিবারের লোকেরা ছেলেটিকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায়। স্থানীয় একটি ক্লাবে ঢুকিয়ে লোহার রড, পাইপ দিয়ে বেধড়ক মারধর করা হয়। এমনকি নাবালককে বাঁচাতে গেলে তার দাদাকেও মারা হয়।



-এআই

এ বিষয়ে ৬ জুন এনজেপি থানায় অভিযোগ দায়ের হয়েছে। ছেলেটির দাদার কথায়, 'পরিবারের হাল ধরতে বাবার সঙ্গে দুই ভাই কাজ করি। কিন্তু একজনের সঙ্গে ফোনে কথা বলার অপরাধে যেভাবে ভাইকে মারা হল তা মেনে নিতে পারছি না। ভাই কাজে যেতে পর্যন্ত ভয় পাচ্ছে।' আক্রান্তের বাবা একটি ক্যাটারিং সংস্থায় কাজ করেন।

তাঁর বক্তব্য, 'ছেলেমেয়েরা একে অপরের সঙ্গে কথা বলবে, সেটা তো স্বাভাবিক। কিন্তু ছেলেকে বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে মেরেছে। আমাদের বিষয়টি বললে বুঝিয়ে বলতাম। ছোটদের মনে এসব ঘটনার দারুণ প্রভাব পড়ে। ছেলে ভয়ে বাড়ি থেকে বের হতে চাইছে না।' ঘটনায় যুক্ত থাকার অভিযোগে প্রকাশ বর্মন নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। বাকিদের খোঁজ চলছে। মারধরে স্থানীয় একটি ক্লাবের কয়েকজন সদস্যের যুক্ত থাকারও অভিযোগ উঠেছে।

যদিও সংশ্লিষ্ট ক্লাবের সভাপতি জীবনচন্দ্র রায় বলেন, 'ক্লাবটি কিছুদিনের জন্য একটি সংস্থাকে ভাড়া দেওয়া হয়েছিল। যখন মারধর হয়, তখন ক্লাবের চাবি ওই সংস্থার কর্মীদের হাতে ছিল। নাবালককে ক্লাবের কেউ মারধর করেনি।'

# প্রেস্টিজের নতুন শোরুম



**শিলিগুড়ি, ৯ জুন :** শিলিগুড়িতে সোমবার খুলল প্রেস্টিজের এক্সক্লুসিভ শোরুম। অত্যাধুনিক ডিজাইন এবং নতুন টেকনলজিসম্পন্ন কিচেন অ্যাপ্লায়েন্স, বাসনপত্র সহ প্রেস্টিজের বিভিন্ন সামগ্রীর সম্ভার রয়েছে একই ছাদের তলায়। নতুন এই শোরুমে চোখধাঁধানো জিনিসের সঙ্গে রয়েছে মনকাড়া অফারও। বিভিন্ন কেনাকাটায় ৬০ শতাংশ পর্যন্ত ছাড় মিলবে। পাশাপাশি সুযোগ থাকছে পুরোনো জিনিস এক্সচেঞ্জ এবং তার ওপরে বিশেষ অফারও। যা চলবে এক মাস পর্যন্ত। বর্তমানে প্রতিটি বাড়িতেই জায়গা করে নিয়েছে প্রেস্টিজ। নর্থবেঙ্গল মার্কেটিং ডিভিশনের তরফে শিলিগুড়ির সেবক মোড়ের সেবক কমপ্লেক্সের প্রথম তলায় নতুন এই শোরুমটি খোলা হয়েছে। সৌমী দাঁ বলেন, 'আমরা দুর্দান্ত অফার এবং কালেকশন নিয়ে এসেছি। প্রেস্টিজ মানেই ভরসার জায়গা, আর এখন শিলিগুড়িবাসীর কাছে আমরা এক্সক্লুসিভ শোরুম নিয়ে এসেছি, যেখানে সাধারণ মানুষ সব কালেকশন পাবেন।'

# বন্ধুকে ২ লক্ষ টাকা দিয়ে প্রতারিত

**জলপাইগুড়ি, ৯ জুন :** ফের প্রতারকদের খপ্পরে পড়ে প্রায় ২ লক্ষ টাকা খোয়ালেন এক মহিলা। সম্প্রতি জেলা পুলিশ-প্রশাসনের পাশাপাশি মোবাইল ফোনে কিংবা মেসেজ দিয়ে বারবার প্রতারকদের হাত থেকে বাঁচতে সাবধান করা হয়। কিন্তু কে শোনে কার কথা। সাধারণ মানুষ যে এখনও সচেতন নন, তার প্রমাণ ফের মিলল সোমবার। প্রায় দুই লক্ষ টাকা হারিয়ে সাইবার ক্রাইম থানায় অভিযোগ জমা করলেন এক মহিলা। জলপাইগুড়ি সদর ব্লকের পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের ডেঙ্গুয়াঝাড় সাকেরপাড়ার বাসিন্দা প্রিয়াংকা রায় সোশ্যাল মিডিয়ার মাধ্যমে এক ব্যক্তির ফেন্ড রিকোয়েস্ট গ্রহণ করেছিলেন। তারপর ফোন নম্বরও আদানপ্রদান হয়েছিল। প্রিয়াংকা বলেন, 'ধাপে ধাপে ২ লক্ষেরও বেশি টাকা আমি দিয়েছি। পরে বুঝতে পারি আমি প্রতারিত হয়েছি। তাই এখন সাইবার ক্রাইম থানার দ্বারস্থ হয়েছি।' জলপাইগুড়ি সাইবার ক্রাইম থানার আইসি বিক্রম থাপা বলেন, 'আমরা সবসময় সাধারণ মানুষকে সচেতন করার চেষ্টা চালিয়ে যাচ্ছি।

# চেক বাউন্স কৃষ্ণের, থানায় অভিযোগ

**জলপাইগুড়ি, ৯ জুন :** জমি কেনাবেচাকে কেন্দ্র করে তৃণমূল নেতা কৃষ্ণ দাস, অরবিন্দ গ্রাম পঞ্চায়েতের প্রধান রাজেশ মণ্ডল সহ মোট ৫ জনের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ এনে কোতোয়ালি থানায় অভিযোগ দায়ের করলেন অরবিন্দ গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা নগেন পাল। এই ঘটনা সামনে আসতেই চাঞ্চল্য ছড়িয়েছে।

নগেন পুলিশের কাছে অভিযোগ জানিয়েছেন, ২০২১ সালে একটি জমি বিক্রি বাবদ কৃষ্ণ তাঁকে চারটি চেক দিয়েছিলেন। টাকার অঙ্ক ছিল ৯৫ লক্ষ। কৃষ্ণের দেওয়া সেই চেকগুলি ব্যাংক থেকে বাউন্স করে। গত মাসে ওই জমির দাম বাবদ ৫৭ লক্ষ টাকার আবার তিনটি পোস্টডেটেড চেক দিয়েছেন কৃষ্ণ। নগেনের আশঙ্কা, আগের মতো আবার এই চেকগুলি বাউন্স হতে পারে। নগেনের অভিযোগের ভিত্তিতে পুলিশ একটি মামলা দায়ের করেছে।

কৃষ্ণ অবশ্য বলেন, 'আমি নগেন পালকে ইতিমধ্যে তিনটি পোস্টডেটেড চেক দিয়েছি। যদি চেক বাউন্স করে সেক্ষেত্রে উনি আমার নামে অভিযোগ করতেই পারেন। এটা আমার বিরুদ্ধে রাজনৈতিক চক্রান্ত ছাড়া আর কিছুই নয়। ২০২১ সালের একটা ঘটনাকে টেনে নিয়ে এসে আমার নামে অভিযোগ দায়ের করা হচ্ছে।' অন্যদিকে এই অভিযোগ প্রসঙ্গে অরবিন্দ গ্রাম পঞ্চায়েতের প্রধান রাজেশ মণ্ডল বলেন, 'নগেন মণ্ডল নামে আমার গ্রাম পঞ্চায়েতে একজন আছেন। কিন্তু তিনি কেন আমার বিরুদ্ধে অভিযোগ দায়ের করলেন তা আমার জানা নেই।'

নগেনের দায়ের করা অভিযোগপত্রে জানিয়েছেন, ঘটনার সূত্রপাত ২০২১ সালের ফেব্রুয়ারি মাসে। তিনি কৃষ্ণ দাসকে ৯৫ লক্ষ টাকার চুক্তিতে ১.৭৯ একর জমি রেজিস্ট্রি করে দিয়েছিলেন। কৃষ্ণ দাস ৯৫ লক্ষ টাকার চারটি চেক দেন তাঁকে। নগেনের অভিযোগ, তিনি ওই চেকগুলি একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকে জমা দেন। কিন্তু অ্যাকাউন্টে টাকা না থাকার কারণে ব্যাংক থেকে তাঁকে চেকগুলো ফেরত দিয়ে দেওয়া হয়। সেই সময় বিষয়টি কৃষ্ণ দাসকে জানিয়েছিলেন।

অভিযোগে নগেন বলেছেন, পরবর্তীতে ওই জমির থেকে ৬৭ ডেসিমাল জমি কৃষ্ণ দাস এবং আরও এক অভিযুক্ত মিলে একটি সিমেন্ট কোম্পানির কাছে বিক্রি করেন। জমির একাংশ বিক্রির পর ২১ লক্ষ টাকা নগেনকে দেওয়া হয়। নগেনের অভিযোগ, বকেয়া টাকা চাইলে রাজেশ মণ্ডল সহ বাকি অভিযুক্তরা তাঁকে এবং তাঁর ছেলেকে জোর করে কৃষ্ণ দাসের বাড়িতে নিয়ে গিয়ে ১৯ লক্ষ টাকা করে তিনটি পোস্টডেটেড চেক (৫৭ লক্ষ টাকা) তাঁর হাতে দেন।

# খাবার চাইতে গিয়ে গ্রেপ্তার বাংলাদেশি

**শতাব্দী সাহা**

## কাজের সন্ধানে ভারতে, দাবি ধৃতের

**চ্যাংরাবান্ধা, ৯ জুন :** অন্যের বাড়িতে খাবার চাইতে গিয়ে ধরা পড়ে গেল এক বাংলাদেশি। নোংরা টি-শার্ট, ট্রাউজার পরা বছর ৪০-এর লোকটিকে খেতেও দিয়েছিলেন চ্যাংরাবান্ধার বাইপাস এলাকার বাসিন্দা তনুশ্রী বর্মন। কিন্তু খেতে দেওয়ার পর লোকটি টাকা চাইলে তাঁর সন্দেহ হয়। বাড়ি কোথায় জানতে চাইলে বাংলাদেশি উত্তর পেয়ে ভয় পেয়ে যান তনুশ্রী। খবর দেন দেওরকে।

দেওর সঞ্জয় জিজ্ঞাসাবাদ করে বুঝতে পারেন, লোকটির পাসপোর্ট, ভিসা- কিছুই নেই। তিনি খবর দেন পুলিশকে। সোমবার ততক্ষণে পাড়া-প্রতিবেশীরা জড়ো হয়ে গিয়েছিলেন। পুলিশ আসবে টের পেয়ে লোকটি সরে পড়তে চেয়েছিল। তখন স্থানীয় বাসিন্দারা তাকে বেঁধে রাখেন গাছের সঙ্গে। পুলিশ গিয়ে তাকে গ্রেপ্তার করে থানায় নিয়ে যায়।

ভারত-বাংলাদেশের মধ্যে সাম্প্রতিক তিক্ততার আবহে চ্যাংরাবান্ধায় আবার বাংলাদেশি গ্রেপ্তারের ঘটনা ঘটল। জেরা করে পুলিশ জানতে পেরেছে, লোকটির নাম বিষ্ণু হালদার। বাড়ি নাটোর জেলার হাজরা চন্দ্রপুরে। মঙ্গলবার তাকে মেখলিগঞ্জ মহকুমা আদালতে পাঠাবে পুলিশ।



চ্যাংরাবান্ধায় ধৃত বাংলাদেশি। সোমবার।

> সবটাই মৌখিকভাবে ওই ব্যক্তি বলেছে। তার কাছে যেহেতু পরিচয়পত্র নেই, তাই এই কথার কোনও প্রমাণ নেই। সত্য জানার চেষ্টা করছি আমরা। তদন্ত শুরু হয়েছে।
>
> **-আশিস পি সুব্বা**
> *এসডিপিও, মেখলিগঞ্জ*

মেখলিগঞ্জের এসডিপিও আশিস পি সুব্বা বলেন, 'সবটাই মৌখিকভাবে ওই ব্যক্তি বলেছে। তার কাছে যেহেতু পরিচয়পত্র নেই, তাই এই কথার কোনও প্রমাণ নেই। সত্য জানার চেষ্টা করছি আমরা। তদন্ত শুরু হয়েছে।'

তনুশ্রীর সন্দেহ না হলে বিষ্ণু হয়তো ধরা পড়ত না। তনুশ্রীর কথায়, 'তখনও রান্না হয়নি। তাই প্রথমে চাইলেও খেতে দিতে পারিনি। পরে বাড়ির বাইরে উনি বসে আছেন দেখে খাবার এনে দিই। খেয়েদেয়ে উনি টাকা চান। তখন বাড়ি কোথায় জিজ্ঞেস করতে বলেন বাংলাদেশ।'

উশকোখুশকো চেহারার বিষ্ণুর গায়ের রং তামাটে। গালভর্তি দাড়ি। তাকে দেখে তনুশ্রী প্রথমে ভিখারি বা পাগল ভেবেছিলেন। তাঁর দেওর বলেন, 'ওঁর কথাবার্তার ধরন ভালো লাগেনি। তাছাড়া ওঁর কাছে পরিচয়পত্রও ছিল না। পুলিশে খবর দিতেই হত।' কেন পাসপোর্ট, ভিসা ছাড়া ভারতে এলে? বিষ্ণুর জবাব, 'বাংলাদেশে কাজ নেই। তাই ভারতে কাজের সন্ধানে এসেছি।'

কথায় কথায় সে জানায়, তিন বছর আগে হেঁটে বাংলাদেশ থেকে ভারতে এসেছিল। তারপর মালদা, মুর্শিদাবাদে ছিল অনেকদিন। এরপর শিলিগুড়ি হয়ে চ্যাংরাবান্ধা পৌঁছায়।

# নতুন জুতো

**শিলিগুড়ি, ৯ জুন :** চাঁদমণির খেলার মাঠে ৩০ জন ফুটবলারের হাতে নতুন জুতো তুলে দিল মাটিগাড়া থানার পুলিশ। ৩০ জন ফুটবল খেলোয়াড়কে জুতো দেওয়া হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন মাটিগাড়া থানার আইসি অরিন্দম ভট্টাচার্য সহ অন্য পুলিশকর্মীরা।



রোদ উঠেছে ঘাম ঝরেছে







গরমে হাঁসফাঁস শহরবাসীর। শেঠ শ্রীলাল মার্কেটে ক্ষণিকের বিশ্রাম ফেরিওয়ালার (ওপরে)। রোদ থেকে বাঁচতে 'বর্ম' কাপড়। স্বস্তি দিচ্ছে ডাব। শিলিগুড়িতে। ছবি : সূত্রধর

# দশে মিলে ভাঙি নিয়ম...

# নাহি লাজ, নাহি লাজ

## বহুতলের ছাদে থাকার ঘর, আবাসনে হোটেল

গায়ের জোরে

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ৯ জুন :** শিলিগুড়ি পুরনিগমের পাঁচ নম্বর ওয়ার্ডের একাধিক জায়গায় বড় বহুতলের ছাদজুড়ে অবৈধ নির্মাণ হয়েছে। কেউ ছাদের ওপর ক্যান্টিন, কিচেন বানিয়েছেন, কেউ কর্মীদের থাকার জন্যে মেস তৈরি করেছেন। এমন কর্পোরেট লুক দেওয়া হয়েছে যে সাধারণ মানুষ দেখলে কিছুই বুঝতে পারবেন না। সিঁড়ি দিয়ে উঠতেই টবজুড়ে সারি সারি পাতাবাহার গাছ। চকচকে মার্বেল এবং চারিদিকে সিসি ক্যামেরা। ছোটখাটো ক্যাফেকেও হার মানাবে ক্যান্টিনের লুক।

বিষয়টি কী স্থানীয় কাউন্সিলারের জানা নেই?

সূত্রের খবর, কাউন্সিলার না জানলেও ওয়ার্ড কমিটির সদস্যরা এই অবৈধ নির্মাণগুলির বিষয়ে সবটাই জানেন। তাঁদের অভয়বাণীতেই নির্মাণগুলি হচ্ছে বলে অভিযোগ। যেমনটা হয়েছে শিলিগুড়ির বর্ধমান রোডের একটি নার্সিংহোম সংলগ্ন একটি বহুতলে। ওই বহুতলেই রয়েছে একটি প্যাথলজিকাল ল্যাব, একটি বহুজাতিক সংস্থার ডিপার্টমেন্টাল স্টোর সহ একাধিক ব্যবসা প্রতিষ্ঠান। অভিযোগ, পাঁচতলা ওই বিল্ডিংয়ের ছাদেই তৈরি হয়েছে অবৈধ নির্মাণ। ছাদজুড়ে নির্মাণ হয়েছে। বিষয়টি জানা রয়েছে ওই ওয়ার্ডের ওয়ার্ড কমিটির। কিন্তু কেউ কোনও পদক্ষেপ করেনি। প্রভাবশালী ব্যক্তির তৈরি বহুতল, যাঁরা ব্যবসা করছেন তাঁরাও প্রভাবশালী। এসব দেখেই পুরনিগমেরও নজর পড়েনি সেদিকে।

শিলিগুড়ির মেয়র গৌতম দেবের বক্তব্য, 'অবৈধ নির্মাণ নিয়ে আমাদের জিরো টলারেন্স নীতি। ওই অবৈধ নির্মাণের বিরুদ্ধেও পদক্ষেপ হবে।' ওই বহুতলে অবৈধ নির্মাণকারীদের মধ্যে একটি হল প্যাথলজিকাল ল্যাব। ওই সংস্থা নিজেদের কর্মীদের থাকার জন্যে ছাদের ওপরেই ঘর তৈরি করেছে। ওই সংস্থার কর্ণধার ডাঃ মনোজ চৌধুরীর সঙ্গে যোগাযোগ করা হলে তাঁর বক্তব্য, 'আমি এভাবে কোনও মন্তব্য করতে পারব না। ফ্যাক্ট যাচাই হবে, তখন সবটাই জানা যাবে।' পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈনের বক্তব্য, 'অভিযোগের সত্যতা কী আছে আগে সেটা যাচাই করতে হবে। অভিযোগ যে কেউ তুলতে পারে।'

শুধু ওই বিল্ডিংটিই নয়, সন্তোষীনগর মোড়ে একটি রেসিডেন্সিয়াল বিল্ডিংকে কমার্সিয়ালে পরিণত করা হয়েছে। রেসিডেন্সিয়াল প্ল্যান থাকলেও বর্তমানে ওই বহুতলটি একটি হোটেলে পরিণত হয়েছে। ঠিক জাতীয় সড়কের ধারেই এত বড় অবৈধ নির্মাণ হলেও কাউন্সিলারের নজর পড়েনি। এমনকি শিলিগুড়ি পুরনিগমের বিল্ডিং বিভাগেরও কোনও নজর পড়েনি। কিছুদিন আগে অবশ্য ওই বিল্ডিংয়ের সামনের এলাকা খালি করতেই এলাকার কয়েকটি গুমটি সরিয়ে দিয়েছে পুরনিগম। তখনও পুরনিগমের পদস্থ বাস্তুকাররা ছিলেন ওই এলাকায়। হোটেলের সামনে বসেই তাঁরা আলাপ আলোচনা করছিলেন। কিন্তু ওই অবৈধ নির্মাণে নজর পড়েনি।

তৃণমূলের অভিযোগ, রেসিডেন্সিয়াল বিল্ডিংকে কমার্সিয়ালে পরিণত করতে কাউন্সিলার এবং তাঁর বাবার মদত রয়েছে। অন্যদিকে, বর্ধমান রোডের ধারে থাকা আরও একটি বিল্ডিংয়েও অবৈধ নির্মাণ নিয়ে অভিযোগ রয়েছে। পুরনিগম ওই বিল্ডিংয়ের মালিককে নোটিশও করেছিল। কিন্তু তাতে কোনও কাজ হয়নি। অভিযোগ, ওই বিল্ডিংয়ের অবৈধ নির্মাণও জানা রয়েছে কাউন্সিলারের। স্থানীয় কাউন্সিলার অনীতা মাহাতোর সঙ্গে যোগাযোগ করা হলে তাঁর বক্তব্য, 'তৃণমূলের কাছে কোন ইস্যু নেই তাই আমার নামে বদনাম করছে। ওয়ার্ডে তোলাবাজি তো তৃণমূল করছে। আর কোনও অবৈধ নির্মাণের বিরুদ্ধে আমার কাছে অভিযোগ এলে আমি পুরনিগমে জানাব। পুরনিগম বিল্ডিং প্ল্যান পাশ করে তাই তাদের বিষয়টি দেখা উচিত।'



শিলিগুড়ির পাঁচ নম্বর ওয়ার্ডে একটি বহুতলের ছাদে অবৈধ নির্মাণ।

## অনীতার পাশে বিজেপি নেতারা, পালটা কর্মসূচিও

রাজনীতির গ্যাঁড়াকল

**শিলিগুড়ি, ৯ জুন :** দলীয় কাউন্সিলারের বিরুদ্ধে ওঠা অভিযোগের নিরপেক্ষ তদন্ত চালানো এবং দোষী সাব্যস্ত হলে শাস্তিমূলক পদক্ষেপ করার পক্ষে সওয়াল তো দূর অস্ত, তাঁর পাশে দাঁড়িয়ে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে আন্দোলনে নামার প্রস্তুতি নিচ্ছে বিজেপির শিলিগুড়ি সাংগঠনিক জেলা কমিটি। ওয়ার্ডে ওয়ার্ডে কর্মসূচি চলবে। সেখানে তৃণমূল কাউন্সিলারদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে প্রচার হবে। এমনকি সংশ্লিষ্ট কাউন্সিলারদের কার্যালয় ঘেরাওয়ের হুঁশিয়ারি দিয়েছে পদ্ম শিবির।

৫ নম্বর ওয়ার্ডের দলীয় কাউন্সিলার অনীতা মাহাতোর বিরুদ্ধে মিথ্যাচার, বদনাম রটানোর অভিযোগ তুলে বিধানসভা নির্বাচনের আগে তৃণমূল রাজনৈতিক ফায়দা লোটার চেষ্টা করছে, দাবি বিজেপি নেতাদের। সাংগঠনিক জেলা কমিটির সভাপতি অরুণ মণ্ডলের যুক্তি, 'তৃণমূল কাউন্সিলাররা যে দুর্নীতি করছেন, সেগুলো নিয়ে তো কেউ মুখ খুলছেন না। আমাদের দলের কাউন্সিলারকে বদনাম করতে ষড়যন্ত্র করা হচ্ছে। বরো চেয়ারপার্সন গার্গী চট্টোপাধ্যায় কীভাবে চাকরি পেলেন, তাঁর এলাকায় রাস্তার ধারে বসা দোকান থেকে ১০০০ টাকা করে নেওয়া হয়। ওই তোলাবাজদের আগে খুঁজে বের করুক শাসকদল।' এদিকে তৃণমূলের দার্জিলিং জেলা (সমতল) কমিটির মুখপাত্র বেদব্রত দত্তর বক্তব্য, 'কেলেঙ্কারির পর্দা ফাঁস হতেই ওরা পিঠ বাঁচাতে এসব বলছে। আমাদের কাউন্সিলারের বিরুদ্ধে প্রমাণ থাকলে, সেটা প্রকাশ্যে আনুক।'

'মানুষের কাছে চলো' কর্মসূচিতে পাঁচ নম্বর ওয়ার্ডে গিয়ে স্থানীয় কাউন্সিলারের বিরুদ্ধে অবৈধ নির্মাণ থেকে তোলাবাজির অভিযোগ শোনেন মেয়র গৌতম দেব। সেই থেকে বিতর্কের শুরু। শাসকদলের অভিযোগ, কাউন্সিলার এবং তাঁর বাবার মদতে এসব হচ্ছে।

সোমবার ওই ইস্যুতে সরব হওয়ার পাশাপাশি ওয়ার্ডে সুষ্ঠু নাগরিক পরিষেবার দাবি জানিয়ে কাউন্সিলারের কার্যালয় ঘেরাও করে বিক্ষোভ দেখায় জোড়াফুল শিবিরের স্থানীয় নেতৃত্ব। যদিও অভিযুক্তের বিরুদ্ধে পদক্ষেপ করতে নারাজ জেলা কমিটি। একই অবস্থান পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈনের। যা নিয়ে ক্ষুব্ধ দলেরই একাংশ। তাঁদের দাবি, ওই জনপ্রতিনিধি মহকুমার এক বিধায়কের ঘনিষ্ঠ। বিধায়ক আবার সাংগঠনিক জেলা কমিটির পদাধিকারীদের কাছের মানুষ। তাই পদক্ষেপের প্রসঙ্গই উঠছে না। পুরনিগমের বিরোধী দলনেতা অবশ্য দাবি করেই গেলেন, 'মহিলা হওয়ায় আমাদের কাউন্সিলারকে ফাঁসানোর পরিকল্পনা হচ্ছে। জবাব মানুষ ভোটবাক্সে দেবেন।'

**কাদা ছোড়াছুড়ি**

- অনীতা মহিলা হওয়ায় তাঁকে ফাঁসানোর চেষ্টা, দাবি অমিতের
- তৃণমূল কাউন্সিলারদের দুর্নীতির বিরুদ্ধে সরব বিজেপি জেলা সভাপতি
- এদিন অনীতার কার্যালয় ঘেরাও করে বিক্ষোভ জোড়াফুল শিবিরের
- পালটা ওয়ার্ডে ওয়ার্ডে তৃণমূলের বিরুদ্ধে সরব হবে পদ্ম শিবির

## ফের পরিদর্শনে গিয়ে ফিরলেন বাস্তুকাররা

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ৯ জুন :** প্রথমবার পরিদর্শনে গেলে বহুতলে থাকা রেস্তোরাঁটির কর্মীরা পুরনিগমের বাস্তুকারদের মুখের সামনে কার্যত ঝাঁপ বন্ধ করে দিয়েছিলেন। সেই নিয়ে বিস্তর জলঘোলা হয়। তাতে অবশ্য হেলদোল নেই অভিযুক্ত ব্যবসায়ীর। ফের ইনস্পেকশনে গিয়ে খালি হাতে ফিরতে হল বাস্তুকারদের।

সোমবার সকাল থেকে চড়া রোদে ঘণ্টাদুয়েক অপেক্ষার পর রণে ভঙ্গ দিতে হয় তাঁদের। নির্ধারিত সময়ে আসেননি অবৈধ নির্মাণের অভিযোগ ওঠা বিল্ডিংয়ের মালিক বা কর্মীরা। ঘটনাটি শিলিগুড়ি পুরনিগমের ১২ নম্বর ওয়ার্ডের। প্রশ্নের মুখে পুরনিগমের বিল্ডিং বিভাগের ভূমিকা। কেন বারবার ওই ব্যবসায়ীকে সুযোগ দেওয়া হচ্ছে? সরাসরি কড়া পদক্ষেপের বিরুদ্ধে হাঁটছে না কেন প্রশাসন?

১২ নম্বর ওয়ার্ডে ভবন এবং তার নীচে রেস্তোরাঁ খুললেও ওই ব্যবসায়ী আদতে ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। বিজেপির দাবি, শাসকদলের একাংশ নেতার ঘনিষ্ঠ হওয়াতেই তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে না পুরনিগম। অভিযোগ, এর আগে তৃণমূল কংগ্রেসের বোর্ড অফ অ্যাডমিনিস্ট্রেটর থাকাকালীনও দলের কিছু নেতা ওই ব্যক্তির হয়ে ব্যাটন ধরেছিলেন। অভিযোগকারীদের ফোন করে অভিযোগ তুলে নিতে চাপ দেন। বিষয়টি প্রকাশ্যে আসতেই পিছু হটেন তাঁরা।

ডেপুটি মেয়র রঞ্জন সরকারের সাফাই, 'এর আগেও আইনি পদক্ষেপ করা হয়েছে। একটা মামলা চলছে। সহযোগিতা না করলে ফের আইনি ব্যবস্থা নেওয়া হবে।'

পুরোনো ডুয়ার্স বাসস্ট্যান্ডের উলটোদিকের গলিতে সংশ্লিষ্ট নির্মাণ ঘিরে বিতর্ক দীর্ঘ কয়েকবছরের। এর আগে ভবনে বিরিয়ানির একটি দোকান খুলেছিল। অভিযোগ, সেই নির্মাণটি অবৈধ। নাগরিক মঞ্চের নামে স্থানীয় কয়েকজন ব্যক্তি অভিযোগ তোলেন সে সময়। এরপর তদন্ত শেষে বিরিয়ানির দোকানটি বন্ধ হয়ে যায়। বিরতি পর্ব শেষে একই জায়গায় খোলা হয় বাঙালি এবং চাইনিজ কুইজিনের সংমিশ্রণের একটি রেস্তোরাঁ। ফের স্থানীয়রা পুরনিগমে লিখিত অভিযোগ দায়ের করেন। উত্তরবঙ্গ সংবাদে সেই সংক্রান্ত খবর প্রকাশিত হতেই তড়িঘড়ি নোটিশ ধরানো হয় ব্যবসায়ীকে।

মাসখানেক আগে প্রথম নোটিশের তারিখ অনুযায়ী পুর আধিকারিকরা তদন্তের জন্য যান। রেস্তোরাঁর কর্মীরা তখন ঝাঁপ নামিয়ে আধিকারিকদের বিল্ডিং থেকে বের করে দিয়ে চলে যান। এরপর আসে দ্বিতীয় নোটিশ। সময়মতো এদিন পুর আধিকারিকরা এলাকায় পৌঁছান। অভিযোগকারীকে থাকতে বলা হয়। ছিলেন তাঁরা। অভিযুক্তের অবশ্য দেখা মেলেনি। বাধ্য হয়ে ফিরে যান বাস্তুকাররা।

পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈনের কটাক্ষ, 'শাসকদল-ঘনিষ্ঠ ব্যবসায়ী, তাই ছাড় দেওয়া হচ্ছে। অন্য কেউ হলে ঠিক সক্রিয়তা চোখে পড়ত।'



১২ নম্বর ওয়ার্ডে বিতর্কিত ভবনের সামনে অপেক্ষারত পুর আধিকারিক ও অভিযোগকারীরা।

## ডব্লিউএসিই পাঠক্রম এবার টেকনোতে





মাটিগাড়ার হিমাঞ্চল বিহারে 'টেকনো ইন্ডিয়া গ্রুপ ওয়ার্ল্ড স্কুল'-এ অনুষ্ঠান।

**শিলিগুড়ি, ৯ জুন :** ওয়েস্টার্ন অস্ট্রেলিয়ান সার্টিফিকেট অফ এডুকেশন (ডব্লিউএসিই) পাঠক্রমে পড়াশোনার সুযোগ এবার উত্তরবঙ্গে। যাঁরা সন্তানদের দেশে রেখেই অস্ট্রেলিয়া সহ বিদেশি বিশ্ববিদ্যালয়ের শংসাপত্র অর্জন করাতে চান, তাঁদের সেই সুযোগ এনে দিল টেকনো।

মাটিগাড়ার হিমাঞ্চল বিহারে 'টেকনো ইন্ডিয়া গ্রুপ ওয়ার্ল্ড স্কুল'-এ সোমবার একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে ডব্লিউএসিই পাঠক্রমে পড়াশোনার সুবিধা সম্পর্কে বোঝান স্কুল কারিকুলাম অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি ইন্টারন্যাশনাল প্রধান পরামর্শদাতা অ্যাঞ্জেলিক স্মিথ।

ম্যানেজিং ডিরেক্টর সত্যম রায়চৌধুরী বলেন, 'আন্তর্জাতিকমানের এই স্কুলে শিলিগুড়ির পাশাপাশি বিহার, সিকিম, নেপাল, ভুটান সহ বিভিন্ন জায়গার মেয়েরা পড়াশোনা করার সুযোগ পাবে। পরবর্তীতে বাইরেও যেতে পারবে।' অভিভাবকরা অনলাইন এবং অফলাইনে আবেদনপত্র পাবেন।

## দ্রোণাস-এর পড়ুয়ারা সফল

**শিলিগুড়ি, ৯ জুন :** ডব্লিউবিসিএস পরীক্ষায় নজরকাড়া সাফল্য পেলেন দ্য দ্রোণাস শিলিগুড়ি ইনস্টিটিউটের পড়ুয়ারা। শিলিগুড়ি শহরের হাতি মোড়ে অবস্থিত এই ইনস্টিটিউটের পড়ুয়া দেবব্রত মণ্ডল, রিকডেন শেরপা, ডিচেন শেরপা রেভেনিউ সার্ভিসে এবং সুমনিমা সুব্বা ফুড ও সাপ্লাই সার্ভিসে মেধাতালিকায় জায়গা করে নিয়েছেন। ইনস্টিটিউটের সাফল্যে খুশি ম্যানেজার রাজা ভট্টাচার্য বলেন, 'পড়ুয়ারা যে এত ভালো র‍্যাংক করবে তা আমরা ভাবিনি। আশা করছি, ভবিষ্যতে আরও অনেক পড়ুয়া এই ইনস্টিটিউট থেকে পড়াশোনা করে সাফল্য পাবে।'

## ভোজে বিরিয়ানি

**শিলিগুড়ি, ৯ জুন :** সরস্বতীপুজোর খাওয়া বাকি ছিল। শিলিগুড়ি নেতাজি বয়েজ প্রাথমিক স্কুল সেই উপলক্ষ্যে পড়ুয়াদের বিরিয়ানি খাওয়াল। এদিন স্কুলে ওয়াটার বেল চালু করা হয়।

## ২৪ ঘণ্টায় মোবাইল উদ্ধার

**শিলিগুড়ি, ৯ জুন :** খোয়া যাওয়ার ২৪ ঘণ্টার মধ্যে লক্ষাধিক টাকার আইফোন উদ্ধার করে দিল ভক্তিনগর থানার পুলিশ।

পুলিশ জানিয়েছে, রবিবার সিকিমের এক ব্যক্তি শিলিগুড়িতে শপিং করতে এসেছিলেন। ভক্তিনগর এলাকায় শপিং শেষে তিনি তাঁর বন্ধুকে গাড়িতে করে ইস্টার্ন বাইপাস এলাকায় ছাড়তে যান। এরপর ওই ব্যক্তির নজরে আসে, তাঁর মোবাইলটি নেই। ভক্তিনগর থানায় তৎক্ষণাৎ মিসিং ডায়েরি দায়ের করেন। মিসিং ডায়েরির ভিত্তিতে ইস্টার্ন বাইপাস সংলগ্ন এলাকায় খোঁজাখুঁজির পর পুলিশ জানতে পারে, স্থানীয় এক ব্যক্তি রাস্তায় মোবাইলটি কুড়িয়ে পেয়েছিলেন।

তাঁর থেকে মোবাইলটি সংগ্রহ করে মোবাইল মালিকের হাতে তুলে দেয় পুলিশ।

## আবার দখলদারি নিবেদিতা রোডে

**পারমিতা রায়**

**শিলিগুড়ি, ৯ জুন :** মাস ছয়েক যেতে না যেতেই দখলদাররা ফের স্বমহিমায়। নিবেদিতা রোডের ধার বরাবর বাজার বসছে। নতুন করে যানজট সমস্যা দেখা দিতে শুরু করেছে এলাকায়। ওই রুটে চম্পাসারি মোড় সংলগ্ন এলাকায় টোটোর বেআইনি স্ট্যান্ড তৈরি হয়েছে। গাড়ি, বাইক দাঁড় করিয়ে রাখা হচ্ছে যত্রতত্র। ডিভাইডার ঘেঁষে বসছে ঠেলাগাড়ি। ফলে দুর্ঘটনার সম্ভাবনা বাড়ছে। এই পরিস্থিতিতে প্রশ্নের মুখে পুরনিগমের নজরদারি।

পুরনিগম উচ্ছেদ অভিযান চালিয়েছিল, তারপরেও নতুন করে বাজার বসার পেছনে স্থানীয় কিছু রাজনৈতিক নেতাদের মদত রয়েছে বলে অভিযোগ। নেপথ্যে কারা, সেই নিয়ে অবশ্য মুখ খুলতে নারাজ স্থানীয়রা। এদিকে ব্যবসায়ীদের অবশ্য সাফ কথা, তাঁদের কাছে আর বিকল্প নেই। প্রশাসন পুনর্বাসনের বন্দোবস্ত করেনি জন্যই ফের এখানে বসছেন তাঁরা। বৃহত্তর শিলিগুড়ি খুচরো ব্যবসায়ী সমিতির সম্পাদক বিপ্লব রায় মুহুরির বক্তব্যে ভারসাম্য বজায় রাখার চেষ্টা, 'উন্নয়নের স্বার্থে উচ্ছেদ করতে হবে। তবে পুনর্বাসনও জরুরি। যে উদ্দেশ্যে এর আগে অভিযান চালানো হয়েছিল, তাতে খুব একটা লাভ হল না। ব্যবসায়ীদের পুনর্বাসন না হওয়ায় তাঁরা বসেছেন। ফলে যানজট রোজকার সমস্যা।'

শিলিগুড়ি পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকারের যুক্তি, 'ফের অভিযান চালানো হবে। তাছাড়া নিবেদিতা রোডের সম্প্রসারণ হলে এই সমস্যা অনেকটা মিটবে বলে আশা করছি। আমরা ওই রাস্তা পূর্ত দপ্তরকে হস্তান্তর করেছি। ডিপিআর-ও তৈরি হয়ে যাবে। খুব তাড়াতাড়ি কাজ শুরু হবে।'

সোমবার এলাকায় গিয়ে নজরে পড়ল, রাস্তার একধার দিয়ে আগের মতোই পসরা সাজিয়েছেন ব্যবসায়ীরা। ডিভাইডার ঘেঁষে দাঁড়িয়ে রয়েছে গাড়ি, টোটো আর ঠ্যালা। ওই ব্যবসায়ীদের মধ্যে পৃথ্বী দাসের কথা, 'আমাদের স্থায়ী বসার জায়গা না করে দেওয়া হলে যাব কোথায়? প্রশাসনকে বিষয়টি দেখতে হবে।' যানজটে নাজেহাল এলাকাবাসী অবিনাশ থাপার গলাতেও প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভের সুর।



নিবেদিতা রোডে ফের জবরদখল। সোমবার তোলা ছবি।

